

"শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন"



দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার
মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন প্রকল্প

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

"পরমাণু ভবন"

ই-১২/র, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ওয়েব সাইট: www.baec.org.bd; ই-মেইল: pd8inmas@gmail.com



নং-৩৯.০১.০০০০.২১১.১১.০২০.১৯/

তারিখঃ ২৮ নভেম্বর, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্রমিক নং	পদের নাম ও সাকুল্য বেতন	১৫/১২/২০২১ খ্রি. তারিখে বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১.	উপ-সহকারী প্রকৌশলী সাকুল্য বেতন: ২৭১০০/-	৩০ বছর	০২ (দুই) টি	প্রথম শ্রেণীর সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাসহ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভাল রেজাল্ট থাকতে হবে।

শর্তাবলীঃ-

- আবেদনপত্র আগামী ১৫/১২/২০২১ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জিইপি/রেজিস্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিসযোগে প্রকল্প পরিচালক, "দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্প বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে "দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০০/- (দুইশত) টাকার পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি নাতনিদের এবং প্রতিবন্ধি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- সরকারী নিয়োগ বিধি অনুসারে মেধাকোটা অনুযায়ী নিয়োগ প্রদান করা হবে।
- সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের পদবী, বেতন স্কেল ও মূল বেতন উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য নয়।
- সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের [website: www.baec.gov.bd](http://www.baec.gov.bd) বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের [website: www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে পোস্টাল অর্ডার এবং সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দেয়ার প্রয়োজন নেই। প্রত্যেক প্রার্থীকে স্পষ্ট অক্ষরে বাংলায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদনে উল্লিখিত সকল সনদের মূল কপি ও ১ সেট ফটোকপি আনতে হবে।
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশ গ্রহণের সময় মোবাইলের মেসেজ প্রদর্শন সাপেক্ষে তাদের প্রবেশ পত্র প্রদান করা হবে। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষার সময় সূচি বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের [website: www.baec.gov.bd](http://www.baec.gov.bd) নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে। প্রকল্প শেষ হওয়ার পর এ নিয়োগের আর কোন বৈধতা থাকবে না এবং কোনভাবেই এ নিয়োগ রাজস্ব খাতে স্থানান্তরিত হবে না।

প্রকল্প পরিচালক

"দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার
মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন" শীর্ষক প্রকল্প
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

GA-4825/21 (7x4)